

লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০

কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiyamohilacollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র‍্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া মহিলা কলেজ

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ২য় পর্যায়ে ২২/১২/২০২১ থেকে ০২/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ২০১৬/২০১৭/২০১৮ সালের এসএসসি (নূন্যতম জিপিএ মানবিক শাখা ২.৫ এবং বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ৩.০) এবং ২০১৮/২০১৯/২০২০ সালের এইচএসসি (৪র্থ বিষয়সহ নূন্যতম জিপিএ ২.৫ পেয়ে) উত্তীর্ণ শিক্ষার্থীরা অনার্স ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Professional Tab এ Apply Now (Hons, Professional) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পারে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলায় লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পারে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiyamohilacollege.edu.bd).

অনার্স (প্রফেশনাল) ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যাতিত) ৩০০/- (তিনশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী আবেদন করেছে তাদেরকে নতুন করে আবেদন করতে হবে না। ২য় পর্যায়ের আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে।

অ্যাপস দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

- ১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করুন।
- ২। লালমাটিয়া মহিলা কলেজ এর বিকাশ নম্বর টাইপ করুন-০১৭৫২০০৫০৭১
- ৩। টাকার দিন ৩০০ +৪ (বিকাশ চার্জ)। ৩০৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৪। রেফারেন্স হিসেবে অনার্স (প্রফেশনাল) ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৫। পেমেন্ট বিকাশ সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

***২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

- ১। *২৪৭# ডায়াল করুন
- ২। মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিতে হবে।
- ৩। লালমাটিয়া মহিলা কলেজের বিকাশ নম্বর টাইপ করুন- ০১৭৫২০০৫০৭১
- ৪। টাকার পরিমাণ দিন ৩০০+৪ (বিকাশ চার্জ)। ৩০৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৫। রেফারেন্স হিসেবে অনার্স (প্রফেশনাল) ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৬। কাউন্টার নম্বর ১ লিখে সেভ করুন।
- ৭। আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেভ করুন।

যে সকল শিক্ষার্থী ৩০০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হলে শিক্ষার্থীরা তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানতে পারবে।

স্বাস্থ্যবিধি মেনে কলেজে ক্যাম্পাসে উপস্থিত হয়েও প্রাথমিক আবেদন ফরম পূরণ করে জমা দেওয়া যাবে।

লালমাটিয়া মহিলা কলেজের অনার্স (প্রফেশনাল) বিষয় : বিবিএ


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা।